আজকের কাগজ

তারিখ 14 JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

11

# ঢাকা পলিটেকনিকের অধ্যক্ষের কক্ষে তালা দিয়েছে শিক্ষকরা

ঢাকা পলিটেকনিকের অধ্যক্ষ কর্তৃক বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ের সাইনবোর্ড গত ১১ জুলাই নামিয়ে ফেলার প্রতিবাদে গতকাল পরিষদের সদস্যরা তাদের পূর্ব ঘোষিত সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় অধ্যক্ষের কক্ষ ১ (এক) কর্মদিবসের জন্যে তালাবদ্ধ করে রাখে। সফলভাবে তাদের প্রতীকী কর্মসূচি পালন শেষে পরিষদের উদ্যোগে শিক্ষকদের এক সাধারণ সভা ইন্সটিটিউটে অনুষ্ঠিত হয় এবং উক্ত দুর্নীতিবাজ অধ্যক্ষ-এর ঢাকা পলিটেকনিক হতে অপসারণ দাবি করা হয়।

সাধারণ শিক্ষকদের মাঝে তীব্র উত্তেজনা, ও ক্ষোভ-এর মধ্যে অভিমত প্রকাশ করা হয় যে, অনতিবিলম্বে উদ্ভূত সমস্যার সমাধান না হলে পরবর্তীতে পরিষদের শিক্ষকরা বৃহত্তর কর্মসূচি গ্রহণে বাধ্য হবেন।